

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-১৬৮৯

আগরতলা, ১১ জুলাই, ২০২৫

বিহার এস.আই.আর. (বিশেষ নিবিড় সংশোধন): ৬৬.১৬%
গণনার ফর্ম সংগ্রহ ; বাকি রয়েছে আরও ১৫ দিন

বিশেষ নিবিড় সংশোধন (এস.আই.আর.) প্রক্রিয়ায় বিহারের ভোটারদের সক্রিয় অংশগ্রহণ এবং ৭৭,৮৯৫ জন বি.এল.ও. (BLO), নবনিযুক্ত ২০,৬০৩ বি.এল.ও., অন্যান্য নির্বাচন কর্মকর্তাদের নিরলস পরিশ্রম, বয়স্ক, প্রতিবন্ধী (পি.ডব্লিউ.ডি.), অসুস্থ ও ঝুঁকিপূর্ণ জনগোষ্ঠীকে সহায়তায় নিয়োজিত ৪ লক্ষের বেশি স্বেচ্ছাসেবক এবং সমস্ত স্বীকৃত রাজনৈতিক দলের পক্ষ থেকে নিয়োগপ্রাপ্ত ১.৫৬ লক্ষ বুথ লেভেল এজেন্ট (বি.এল.এ.)-এর সক্রিয় অংশগ্রহণের ফলস্বরূপ ৬৬.১৬% গণনার ফর্ম সংগ্রহ করা সম্ভব হয়েছে। এখনও ভোটারদের হাতে ফর্ম জমা দেওয়ার জন্য আরও ১৫ দিন বাকি রয়েছে।

আজ সন্ধ্যা ৬টা পর্যন্ত বিহারে মোট ৭,৮৯,৬৯,৮৪৪ (প্রায় ৭.৯০ কোটি) ভোটারের মধ্যে ৫,২২,৪৪,৯৫৬টি গণনার ফর্ম সংগ্রহ করা হয়েছে, যা মোটের ৬৬.১৬%। এই সংগ্রহটি গত ১৬ দিনে সম্পন্ন হয়েছে, ২৪ জুন ২০২৫ তারিখে এস.আই.আর. নির্দেশিকা জারির পর থেকে।

মাঠ পর্যায়ে এই গতি বজায় থাকলে নির্ধারিত সময়ের আগেই, অর্থাৎ ২৫ জুলাই, ২০২৫-এর মধ্যে এই গণনার ফর্ম সংগ্রহের কাজ সম্পন্ন করা সম্ভব হবে।

গত ১৬ দিনে, এস.আই.আর. কার্যক্রম শুরু হওয়ার পর থেকে মোট ৭.৯০ কোটি ফর্ম ছাপানো হয়েছে এবং এরমধ্যে প্রায় ৯৮% ফর্ম (৭.৭১ কোটি) ইতোমধ্যেই বিতরণ করা হয়েছে তাদের কাছে যাদের নাম ২৪.০৬.২০২৫ তারিখের নির্বাচনী তালিকায় ছিল, অর্থাৎ এস.আই.আর. নির্দেশিকার দিনে। ভারতের নির্বাচন কমিশন থেকে এক প্রেস নোটের মাধ্যমে এই সংবাদ জানানো হয়েছে।
